ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

শুক্রবার | ২৭ জানুয়ারি ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ১৪৩ সংখ্যা | ১৩ মাঘ ১৪২৯ সাল | ৪ রজব ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

### প্রিমিয়ার ভার্সিটিতে বাণী অর্চনা অনুষ্ঠানে ড. অনুপম সেন

# শিক্ষার্থীদের দেশের সেবায় আত্মনিয়োগ করতে হবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, এই বাংলাদেশে সবাই যেমন ঈদ উদযাপন করে, ঠিক তেমনি ধর্ম-বর্ণ নির্বিশেষে অনেকেই সরস্বতী পূজার আনন্দ উৎসবে অংশগ্রহণ করে। সনাতন ধর্মীয় এই পূজা বিশেষ করে শিক্ষার্থীদের জন্য। গতকাল বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে বাণী অর্চনা পরিষদের উদ্যোগে বিদ্যা ও সুরের দেবী সরস্বতীর আরাধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।



প্রিমিয়ার ভার্সিটির বাণী অর্চনায় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বক্তব্য রাখছেন

প্রধান অতিথি আরও বলেন, প্রতিটি ধর্মের মূল লক্ষ্য হলো ভালবাসার জয় ঘোষণা করা, মানবতাবাদ প্রতিষ্ঠা করা। তিনি যাঁরা জ্ঞান অর্জন করেন ও জ্ঞান অনুসারে চলেন, তাঁদেরকে প্রকৃত জ্ঞানী উল্লেখ করে বলেন, জ্ঞানের ভিত্তিই মানবতা। তিনি শিক্ষার্থীদের জ্ঞান অর্জন করে মানবতার সেবায়, দেশের সেবায় আত্মনিয়োগ করার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, বাণী অর্চনা পরিষদের সদস্য সহকারী অধ্যাপক অনুপ বিশ্বাস, সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস ও সদস্য-সচিব সহকারী পরিচালক (ছাত্রকল্যাণ) পংকজ বিশ্বাস। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 27 January 2023, Page: 3, Col: 7
https://edainikazadi.net/index.php?page=1&date=2023-01-27

চট্টগ্রাম শুক্রবার ২৭ জানুয়ারি ২০২৩

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৭তম বর্ষ ৩৩৭তম সংখ্যা ।। ১৩ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ ।। ৪ রজব ১৪৪৪ হিজরি ।। Friday 27 January 2023 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



*প্রিমিয়ার ইউনিভার্সিটির বাণী অর্চনায় বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন*

**প্রিমিয়ার ইউনিভার্সিটি :** সমাজ-বিজ্ঞানী প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, স্বরস্বতী পূজার প্রকৃত অর্থ হলো, প্রকৃত জ্ঞানের মাধ্যমে মানুষ যেন প্রকৃত মানুষ হয়ে ওঠে, পৃথিবীকে করে তোলে শান্তিময়। গতকাল বৃহস্পতিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে বাণী অর্চনা পরিষদের উদ্যোগে বিদ্যা ও সুরের দেবী সরস্বতীর আরাধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন।

প্রধান অতিথি আরও বলেন, প্রতিটি ধর্মের মূল লক্ষ্য হলো ভালবাসার জয় ঘোষণা করা, মানবতাবাদ প্রতিষ্ঠা করা। জ্ঞানের ভিত্তিই মানবতা। তিনি শিক্ষার্থীদের জ্ঞান অর্জন করে মানবতার সেবায়, দেশের সেবায় আত্মনিয়োগ করার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

Ref: Daily Purbokone, Date: 27 January 2023, Page: 3, Col: 6
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-01-27

শুক্রবার
চট্টগ্রাম
২৭ জানুয়ারি ২০২৩
১৩ মাঘ ১৪২৯
৪ রজব ১৪৪৪
বর্ষ-১১, সংখ্যা-৪৬

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com | /parkviewhospitalctg | parkview.com.bd

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



বাণী অর্চনায় বক্তব্য দেন প্রফেসর ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটি

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, এই বাংলাদেশে সবাই যেমন ঈদ উদযাপন করে, ঠিক তেমনি ধর্ম-বর্ণ নির্বিশেষে অনেকেই সরস্বতী পূজার আনন্দ উৎসবে অংশগ্রহণ করে।

সনাতন ধর্মীয় এই পূজা বিশেষ করে শিক্ষার্থীদের জন্য। এই পূজা বহু প্রাচীন। সরস্বতীর প্রথম উল্লেখ পাওয়া যায় ঋগ্বেদে। জ্ঞান, সংগীত, শিল্পকলা, বুদ্ধি ও বিদ্যার দেবী হিসেবে তিনি পূজিত হন। এই পূজার প্রকৃত অর্থ হলো, প্রকৃত জ্ঞানের মাধ্যমে মানুষ যেন মানুষ হয়ে ওঠে, পৃথিবীকে করে তোলে শান্তিময়।

২৬ জানুয়ারি প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে বাণী অর্চনা পরিষদের উদ্যোগে বিদ্যা ও সুরের দেবী সরস্বতীর আরাধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজ্জল হক, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, বাণী অর্চনা পরিষদের সদস্য সহকারী অধ্যাপক অনুপ বিশ্বাস, সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস ও সদস্য-সচিব সহকারী পরিচালক (ছাত্রকল্যাণ) পংকজ বিশ্বাস।

Ref: Daily Purbodesh, Date: 27 January 2023, Page: 2, Col: 4
https://epurbodesh.com/edition/422/ ২৭-জানুয়ারি-২০২৩/page/2

চট্টগ্রাম • শনিবার • ২৮ জানুয়ারি ২০২৩ • ১৪ মাঘ ১৪২৯ • ৫ রজব ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ১৬২

রূপান্তর নবযাত্রা ১৭

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ বৈদেশিক মুদ্রার ৮০% ব্যয় করেছে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলো

৫ সবাইকে স্বাস্থ্য সচেতন হতে হবে : সালাম

৬ সুপার লিগ থেকে আল নাসেরের বিদায়



**চমক নিয়ে আসছেন ফেরদৌস-পূর্ণিমা**

ঢাকাই চলচ্চিত্রের এক সময়ের জনপ্রিয় জুটি ফেরদৌস-পূর্ণিমা। পেশাদার জীবনের বাইরেও দুজনের মধ্যে বেশ ভালো বন্ধুত্ব রয়েছে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬



প্রিমিয়ার ইউনিভার্সিটির বাণী অর্চনায় প্রধান অতিথি উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বক্তব্য রাখছেন

### বাণী অর্চনা অনুষ্ঠানে ড. অনুপম সেন

# প্রতি ধর্মের মূল লক্ষ্য মানবতাবাদ প্রতিষ্ঠা

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, এই বাংলাদেশে সবাই যেমন ঈদ উদযাপন করে, ঠিক তেমনি ধর্ম-বর্ণ নির্বিশেষে অনেকেই সরস্বতী পূজার আনন্দ উৎসবে অংশগ্রহণ করে। সনাতন ধর্মীয় এই পূজা বিশেষ করে শিক্ষার্থীদের জন্য। এই পূজা বহু প্রাচীন। সরস্বতীর প্রথম উল্লেখ পাওয়া যায় ঋগ্বেদে। জ্ঞান, সংগীত, শিল্পকলা, বুদ্ধি ও বিদ্যার দেবী হিসেবে তিনি পূজিত হন। এই পূজার প্রকৃত অর্থ হলো, প্রকৃত জ্ঞানের মাধ্যমে মানুষ যেন মানুষ হয়ে ওঠে, পৃথিবীকে করে তোলে শান্তিময়। ২৬ জানুয়ারি প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে বাণী অর্চনা পরিষদের উদ্যোগে বিদ্যা ও সুরের দেবী সরস্বতীর আরাধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি কবিগুরু রবীন্দ্রনাথ সম্পর্কে বলেন, রবীন্দ্রনাথ ব্রহ্মবাদী হলেও সরস্বতী বন্দনাকে তিনি জ্ঞানের বন্দনা হিসেবে গ্রহণ করেছেন। তিনি সরস্বতীর বন্দনা করে কবিতা রচনা করেছেন। তিনি এক কবিতায় বলেছেন, আমরা সবাইকে আপন করে নেব, এটাই সরস্বতীর শিক্ষা। চণ্ডীদাস, লালন ও বিবেকানন্দও সবাইকে ভালোবাসার, সবাইকে আপন করার কথা বলেছেন।

প্রধান অতিথি আরও বলেন, প্রতিটি ধর্মের মূল লক্ষ্য হলো ভালবাসার জয় ঘোষণা করা, মানবতাবাদ প্রতিষ্ঠা করা। তিনি যাঁরা জ্ঞান অর্জন করেন ও জ্ঞান অনুসারে চলেন, তাঁদেরকে প্রকৃত জ্ঞানী উল্লেখ করে বলেন, জ্ঞানের ভিত্তিই মানবতা। তিনি শিক্ষার্থীদের জ্ঞান অর্জন করে মানবতার সেবায়, দেশের সেবায় আত্মনিয়োগ করার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 28 January 2023, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2023-01-28